নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ The Daily Janakantha

১৭ অক্টোবর ২০১৯

# ঢাবিতে এ্যাপভিত্তিক সাইকেল সেবা উদ্বোধন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ অবশেষে ডাকসুর উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ্যাপভিত্তিক সাইকেল সেবা ‘ডিইউ চক্কর’ এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। এ্যাপভিত্তিক সাইকেল সেবা প্রদানকারী প্রতিষ্ঠান জোবাইকের সহযোগিতায় এটি চালু হয়।

বুধবার বেলা ৩ টার সময় টিএসসি চত্বরে উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান বেলুন উড়িয়ে সেবার উদ্বোধন করেন। ডাকসুর ছাত্র পরিবহন সম্পাদক শামস ঈ নোমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি প্রধান অতিথি ছিলেন। জোবাইকের প্রতিষ্ঠাতা ও সিইও মেহেদি রেজা, ডাকসুর ভিপি নুরুল হক নুর, জিএস গোলাম রব্বানীসহ ডাকসুর নেতৃবৃন্দ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

মহিবুল হাসান চৌধুরী নওফেল শিক্ষার্থীদের ছাত্র অবস্থাতেই পরিবেশবান্ধব হওয়ার তাগিদ দেন। তিনি বলেন, নিজের পরিবেশ নিজেকে রক্ষা করতে হবে। ছাত্রনেতাদের উদ্দেশে তিনি বলেন, নেতা হয়ে প্রভাব ব্যবহার করে অঢেল ধনসম্পদের মালিক বনে যাওয়া যাবে না। নেতাদের সঙ্গে কর্মীদের জীবনের পার্থক্য বেশি হওয়া যাবে না।

বিশ্ববিদ্যালয় র‌্যাংকিংয়ের বিষয়ে নওফেল বলেন, র‌্যাংকিং দেখার বিষয় নয়। সন্তান উচ্চ শিক্ষিত হচ্ছে কিনা, মানবসম্পদের উন্নয়ন ঘটছে কিনা এবং অর্থনৈতিক উন্নয়নে কাজে আসছে কিনা- এগুলো হলো মূল বিষয়। আমাদের সন্তানরা উচ্চ শিক্ষত হয়ে দেশের উন্নয়নে ভূমিকা রাখছে বলেই দেশের জিডিপি প্রবৃদ্ধি ৮ শতাংশ অতিক্রম করেছে।

উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান বলেন, ক্যাম্পাসে পরিবহন খাতের উন্নয়নে ‘জোবাইক’ কর্মসূচী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ‘জোবাইক’ ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের সময় সাশ্রয় হবে এবং পরিবহন ব্যয় কমবে বলে তিনি আশা প্রকাশ করেন।

Don't Fail Your IT Exan

বিজ্ঞাপন 100% Real Exam C
Accurate & Verified Answers

ExamLabs

Learn more

শামস ঈ নোমান বলেন, কার্বনমুক্ত স্বপ্নের ঢাকা বিশ্ববিদ্যালয় বিনির্মাণে এই সেবাটি অন্যতম গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ হিসেবে গণ্য হতে পারে।

প্রসঙ্গত, মোট ১০০ সাইকেল নিয়ে ঢাবিতে এই সেবা চালু হয়। গত ৭ অক্টোবর পরীক্ষামূলকভাবে জোবাইক সেবা চালু করা হয়। শিক্ষার্থীরা তাদের বৈধ পরিচয়পত্র দেখিয়ে নিবন্ধিত হওয়ার পর ক্যাম্পাসের ভেতরে এই সেবা নিতে পারবে। সাইকেলগুলোতে রয়েছে আধুনিক লক সিস্টেম ও জিপিএস। জোবাইক এ্যাপের মাধ্যমে সাইকেলে লাগানো কিউআর কোড স্ক্যান করে লক খুলতে পারবে নিবন্ধিত শিক্ষার্থীরা। লক খোলার পর থেকে সময় গণনা শুরু হবে। পুনরায় সাইকেল লক না করা পর্যন্ত মিনিটের ভিত্তিতে

টাকা পরিশোধ করতে হবে। টাকা পরিশোধ করতে হবে অনলাইন এ্যাকাউন্টের মাধ্যমে। বিশ্ববিদ্যালয়ের প্রতিটি হল, গুরুত্বপূর্ণ একাডেমিক ভবনের সামনে সাইকেল রাখার জন্য স্থান নির্ধারণ করা হয়েছে।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকন্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
**ই-মেইল:** janakanthanews@gmail.com
**ই-জনকন্ঠ:** www.edailyjanakantha.com

Copyright ® All rights reserved by dailyjanakantha.com